কালের কণ্ঠ

তারিখ 2 6 AUG 2017
পৃষ্ঠা ১ কলাম ৫

### ঢাকা বিশ্ববিদ্যালয়

# 'বঙ্গবন্ধু চেয়ারে' মুনতাসীর মামুন

**নিজস্ব প্রতিবেদক ▷**

ঢাকা বিশ্ববিদ্যালয় ইতিহাস বিভাগের 'বঙ্গবন্ধু চেয়ার' পদে নিয়োগ পেয়েছেন ইতিহাস বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক ড. মুনতাসীর মামুন। তিনি আগামী এক বছর এই পদে থেকে বঙ্গবন্ধু ও বাংলাদেশ বিষয়ে গবেষণা করবেন। গত ১৬ আগস্ট বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সভায় তাঁকে এ পদে নিয়োগ দেওয়া হয়।

অধ্যাপক মুনতাসীর মামুনের জন্ম ১৯৫১ সালের ২৪ মে, ঢাকায়। তিনি ১৯৭২ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগ থেকে বিএ (অনার্স) এবং ১৯৭৪ সালে এমএ ডিগ্রি লাভ করেন। তিনি একই বিশ্ববিদ্যালয়ে ১৯৮৩ সালে পিএইচডি সম্পন্ন করেন। অধ্যাপক মুনতাসীর মামুন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেন ১৯৭৪ সালের ৩১ অক্টোবর। এরপর গত বছরের ৩০ জুন অবসরকালীন ছুটিতে যান তিনি।

উল্লেখ্য, ১৯৯৯ সালে 'বঙ্গবন্ধু চেয়ার' প্রতিষ্ঠার পর এই পদে এর আগে দায়িত্ব পালন করেন অধ্যাপক এনায়েতুর রহিম ও কথাসাহিত্যিক হাসান আজিজুল হক।